



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Web site: www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.২২.৪৬

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রাপক:

পরিচালক/অধ্যক্ষ

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (প্রতিষ্ঠান কোড: ৬১০৮৪)

শহর সমাজসেবা কার্যালয়, সিলেট, জেলা স্টেডিয়াম পূর্ব গেইট, পোঃ সিলেট-৩১০০, সদর, সিলেট

ভেন্যু: ইনক্লুসিভ স্কুল অ্যান্ড কলেজ, সমাজসেবা কমপ্লেক্স, এতিম স্কুল রোড, বাগবারি, সিলেট।


বিষয়: জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের পরীক্ষার কেন্দ্র বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, এপ্রিল-জুন ও জুলাই-সেপ্টেম্বর, ২০২১ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার একটি কেন্দ্র হিসেবে আপনার প্রতিষ্ঠান নির্বাচন করা হয়। কিন্তু গত ০৭ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে পরীক্ষা অনুষ্ঠানকালে বোর্ডের প্রেরিত কর্মকর্তার প্রত্যক্ষ রিপোর্ট মোতাবেক আপনার কেন্দ্রে নিম্নলিখিত অনিয়ম পরিলক্ষিত হয়:

- বোর্ড কর্তৃক নির্ধারিত ভেন্যুতে (ইনক্লুসিভ স্কুল অ্যান্ড কলেজ, সমাজসেবা কমপ্লেক্স, এতিম স্কুল রোড, বাগবারি, সিলেট) লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়নি;
- ০৭ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ শুরুর সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের লিখিত পরীক্ষার উত্তরপত্র ও লিথুর টপপার্ট ডাকযোগে সকাল ১১.৩০ ঘটিকা হতে ৩.০০ ঘটিকার মধ্যে বোর্ডে প্রেরণ করা হয়নি;
- আভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ শিক্ষক (লিখিত ও ব্যবহারিক) পরীক্ষায় রাখা হয়নি ;
- পরীক্ষার নির্ধারিত দিনে বোর্ড প্রতিনিধি প্রতিষ্ঠান তালাবদ্ধ অবস্থায় পেয়ে অনেক খোঁজাখুঁজির পর আপনার মাধ্যমে প্রতিষ্ঠান খুলে তালাবদ্ধ আলমারি থেকে যে লিথুযুক্ত উত্তরপত্র পাওয়া যায় তাতে ইনভিজিলেটরের কোনো স্বাক্ষর নেই এবং টপপার্ট আলাদা করে পোস্ট অফিসের মাধ্যমে জমা দানের উদ্যোগ গ্রহণের কোনো আলামত পাওয়া যায়নি।

০২। বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.২২.২২, তারিখ: ১৫ ফেব্রুয়ারি, ২০২২খ্রি. মোতাবেক উপরোক্ত অনিয়মের কারণে কেন আপনার কেন্দ্রের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারণ দর্শানো পত্র দেয়া হলেও আপনার নিকট থেকে দায়িত্বশীল কোনো উত্তর পাওয়া যায়নি।

এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১২ -এর ধারা ২৮(ঘ) মোতাবেক জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর ও অক্টোবর-ডিসেম্বর, ২০২১ সেশনের অনুষ্ঠিতব্য পরীক্ষা থেকে আপনার কেন্দ্র বাতিল করা হলো।


(প্রকৌশলী মো. আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।

ফোন: ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.২২.৪৫(১৪)

তারিখ: ১৪-০৩-২০২২ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। জেলা প্রশাসক, সিলেট।
- ০৭। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সিলেট।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।
- ০৯। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১২। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৪। নথি।



১৪, ০৩, ২০২২

(মো. নওশাদ আলী)

ডকুমেন্টেশন অফিসার

শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

মোবাইল: ০১৫৩১-৯৭২০২২।